

তারিখ : নভেম্বর 22, 2016

বৈদ্যুতিন মাধ্যমের মূল্য প্রদান পদ্ধতিকে উৎসাহিত করার জন্য বিশেষ ব্যবস্থা

ডিজিটাল পদ্ধতিতে সাধারণ জনগণের লেনদেন প্রয়োজনীয়তা মেটানোর জন্য ছোট ব্যবসায়ীদের বিশেষ বন্টন ব্যবস্থা এবং অর্ধ-বন্ধ পূর্ব-প্রদত্ত মূল্য প্রদান যন্ত্রের (prepaid Payment Instruments (PPIs)) উর্ধ্বসীমার বৃদ্ধির মাধ্যমে রিজার্ভ ব্যাংক অতিরিক্ত বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে।

এখন ছোট ব্যবসায়ীদের জন্য একটি বিশেষ বন্টন ব্যবস্থা চালু করা হয়েছে যেখানে PPIs জারিকর্তারা এই ব্যবসায়ীদের PPIs জারি করতে পারেন। এই সমস্ত PPIs-এ ব্যালন্স (Balance) যে কোন সময়ে ₹20000/- টাকা থেকে বেশী হতে পারবে না, ব্যবসায়ীরা এই সমস্ত PPIs থেকে তাঁদের নিজেদের সংযোগকারী ব্যাংক অ্যাকাউন্টে মাসে সর্বাধিক ₹ 50,000/- টাকা পাঠাতে পারবেন, লেনদেন পিছু কোন উর্ধ্বসীমা ছাড়া। ব্যবসায়ীদের শুধুমাত্র তাদের অবস্থা (পদমর্যাদা) এবং তাঁদের ব্যাংক অ্যাকাউন্টের বিশদ জানিয়ে একটি নিজ-বিবরণী জমা করতে হবে।

অর্ধ-বন্ধ (semi- closed) PPIs যেগুলি ন্যূনতম বিশদের ভিত্তিতে জারি করা হয়েছে তার উর্ধ্বসীমা বিদ্যমান ₹ 10,000/- থেকে বৃদ্ধি করে ₹ 20,000/- করা হয়েছে। যে কোন এক মাসে পুনঃপূর্তির (reloads) পরিমাণও বৃদ্ধি করে ₹ 20,000/- করা হয়েছে।

অন্য শ্রেণীভুক্ত PPIs-এর বিদ্যমান নির্দেশিকা অপরিবর্তিত থাকছে। সর্বাধিক ₹ 1,00,000/- ব্যালন্স রাখতে অনুমোদিতও এমন KYC সমৃদ্ধ PPI গুলি PPIs জারি কর্তারা জারি করা বজায় রাখতে পারেন।

উপরোক্ত ব্যবস্থা চালু থাকবে, পর্যালোচনা সাপেক্ষে, নভেম্বর 21, 2016 তারিখ থেকে ডিসেম্বর 30, 2016 পর্যন্ত।

PPI সম্পর্কিত পূর্বের নির্দেশিকাতে এই ধরনের ব্যবসায়ীদের জন্য আলাদা শ্রেণীভুক্ত কোন PPI চালু করার বিশেষ নির্দেশ ছিল না এবং ন্যূনতম বিশদের ভিত্তিতে জারি করা অর্ধ-বন্ধ (semi- closed) PPI গুলির উর্ধ্বসীমা ছিল ₹10,000/-।

অল্পনা কিল্লাওয়াল
মুখ্য উপদেষ্টা (প্রিন্সিপাল অ্যাডভাইসার)

প্রেস প্রকাশনী : 2016-2017/1282